

কোম্পিউটার ইন্ডাস্ট্রি
৩য় সপ্তাহ (১৫-১৭)
১৭/৪/২০২৬

৪৭তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ ও বিজ্ঞান মেলা ২০২৬

(ঢাকা জেলা)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা। (শিক্ষা শাখা)

নিয়মাবলি

প্রজেক্ট প্রতিযোগীর জন্য প্রযোজ্য

- প্রত্যেক অংশগ্রহণকারীকে রেজিস্ট্রেশন ফরমের মাধ্যমে নিবন্ধন সম্পন্ন করতে হবে। প্রকল্পে অংশগ্রহণকারী যারা ইতিমধ্যে রেজিস্ট্রেশন করেছেন তাদের অবশ্যই আগামিকাল ২৭ এপ্রিল ২:০০ থেকে ২:৩০ মিনিটে অবশ্যই উপস্থিত থাকতে হবে। (শুধুমাত্র উপজেলা পর্যায় এ প্রজেক্টে এবং অলিম্পিয়াড অংশগ্রহণকারী প্রতিযোগী ২৮ এপ্রিল মঙ্গলবার যথা সময় আসতে হবে)।
- প্রতিটি প্রকল্প জন্য নির্ধারিত প্রকল্পের নাম, প্রতিযোগীর নাম, প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণ সম্বলিত প্রকল্পের সংক্ষিপ্ত তথ্য ও বিচারকার্যের জন্য ফরমটি ডাউনলোড করে হাতে পূরণ করে ৫ কপি ফটোকপি (হার্ড কপি) করে অবশ্যই সোমবার বেলা ২:০০ টা রেজিস্ট্রেশন যাচাই করার সময় জমা দিতে হবে (ফরমটি আবার দেওয়া হলো)। এটি জমা না দিলে প্রকল্প প্রদর্শন করতে দেওয়া হবে না।
- প্রতিটি প্রকল্প দলে সর্বাধিক ২ জন অংশগ্রহণকারী অংশগ্রহণ করতে পারবে এবং ২৭ - ২৯ এপ্রিল পর্যন্ত প্রতিদিন ২:০০ উপস্থিত থাকতে হবে।

বিজ্ঞান অলিম্পিয়াড অংশগ্রহণকারী প্রতিযোগীর জন্য প্রযোজ্য

- যারা অলিম্পিয়াডে নাম নিবন্ধন করেছেন শুধুমাত্র সেই সকল প্রতিযোগী ২৮ এপ্রিল মঙ্গলবার বেলা ৪:০০ সময় নটর ডেম কলেজ প্রাঙ্গনে উপস্থিত থাকতে হবে। বিজ্ঞান অলিম্পিয়াড ২৮ এপ্রিল বিকাল ৪:৩০ শুরু হবে। বিজ্ঞান অলিম্পিয়াডে এক সাথে পদার্থ, রসায়ন, গণিত, জীববিজ্ঞান এবং আইসিটি বিষয়ে পরীক্ষা দিতে হবে। কোনো স্পট রেজিস্ট্রেশন নেই।

বিজ্ঞান বিষয়ক সাধারণ জ্ঞান প্রতিযোগিতায় অংশগ্রহণকারী প্রতিযোগীর জন্য প্রযোজ্য

- যারা বিজ্ঞান বিষয়ক সাধারণ জ্ঞান প্রতিযোগিতায় ইতিমধ্যে নাম নিবন্ধন করেছেন (দল ভিত্তিক) তাদের সবাইকে (উপজেলাসহ) আগামি ২৭ এপ্রিল বেলা ৩:৩০ মিনিটের মধ্যে নটর ডেম কলেজ প্রাঙ্গনে উপস্থিত থাকতে হবে এবং বাছাই পর্বে অংশ নিতে হবে। বাছাই পর্বে উত্তীর্ণ দল সমূহকে ২৮ এপ্রিল সকাল ১০:০০ নটর ডেম কলেজে চূড়ান্ত পর্বের জন্য উপস্থিত থাকতে হবে।

সকল প্রতিযোগীর জন্য প্রযোজ্য

- সকল প্রতিযোগীকে নটর ডেম কলেজে বেলা ১:৩০ মিনিটে পরে কলেজে প্রবেশ করতে দেয়া হবে। দয়া করে এর আগে কেউ কলেজ প্রাঙ্গনে আসবেন না।
- প্রত্যেক অংশগ্রহণকারী যারা প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে তাদের নির্ধারিত স্কুল/কলেজ ইউনিফর্ম পরিধান করতে হবে এবং সাথে নিজস্ব পরিচয়পত্র রাখতে হবে।
- কর্তৃপক্ষের নির্দেশনা অনুসরণ করে প্রকল্পসমূহ স্থাপন করতে হবে।
- অংশগ্রহণকারীদের তাদের প্রকল্পের যাবতীয় আনুসঙ্গিক (আঠা, মাল্টিপ্লাগ, টেপ ইত্যাদি) নিজে আনতে হবে। কর্তৃপক্ষ কোন ধরনের লজিস্টিক সহায়তা প্রদান করবে না।
- অভিভাবকবৃন্দ মেলা চলাকালীন সময়ে কলেজ অডিটোরিয়ামে অবস্থান করতে পারবেন।
- প্রকল্পে অংশগ্রহণকারীদের প্রদর্শন ও বিচার কাজ চলাকালীন সময় তাদের নিজ নিজ বুথে অবস্থান করতে হবে।

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ এবং বিজ্ঞান অলিম্পিয়াড ২০২৬ ঢাকা জেলা

৪৭ তম বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহে অংশগ্রহণকারী প্রতিষ্ঠান ও শিক্ষার্থীদের অবগতির জন্য নিম্ন প্রদত্ত নিয়মাবলী আবারও সকলের অবগতির জন্য জানানো হচ্ছে এবং অনুসরণ করার জন্য বিনীত অনুরোধ জানানো হচ্ছে।

বিজ্ঞান প্রকল্প

১. প্রতিটি বিজ্ঞান প্রকল্প সর্বোচ্চ ২ জন শিক্ষার্থী অংশগ্রহণ করতে পারবে।
২. ২৭ এপ্রিল, সোমবার দুপুর ২টা সময় প্রকল্প নিয়ে উপস্থিত থাকতে বলা হচ্ছে।
৩. ২৮ এপ্রিল, মঙ্গলবার প্রকল্পে বিচারকার্য সম্পন্ন হবে। (প্রকল্পে অংশগ্রহণকারী শিক্ষার্থীদের বিকালে টিফিন দেয়া হবে)

বিজ্ঞান অলিম্পিয়াড

৪. বিজ্ঞান অলিম্পিয়াড (গণিত, পদার্থবিজ্ঞান, রসায়ন, জীববিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) এই ৫টি বিষয়ের উপর ১ ঘণ্টার লিখিত পরীক্ষা অংশগ্রহণ করতে হবে। আলাদা কোন বিষয় উপর এককভাবে কোন পরীক্ষা অনুষ্ঠিত হবে না।
৫. প্রতিটি প্রতিষ্ঠান হতে বিজ্ঞান অলিম্পিয়াডে সিনিয়র শাখায় সর্বোচ্চ ৫ জন ও জুনিয়র শাখায় সর্বোচ্চ ৫ জন শিক্ষার্থী অংশগ্রহণ করতে পারবে।
৬. বিজ্ঞান অলিম্পিয়াড অনুষ্ঠিত হবে ২৮ এপ্রিল, মঙ্গলবার বিকাল ৩.৩০ মিনিট।

বিজ্ঞান বিষয়ক সাধারণ জ্ঞান প্রতিযোগিতা

৭. বিজ্ঞান বিষয়ক সাধারণ জ্ঞান প্রতিযোগিতায় প্রতিটি প্রতিষ্ঠান হতে সিনিয়র শাখায় প্রতিটি দল এ ৩ জন করে সর্বোচ্চ ৫টি দল এবং জুনিয়র শাখায় প্রতিটি দল এ ৩ জন করে সর্বোচ্চ ৫টি দল অংশগ্রহণ করতে পারবে। তবে বাছাই পর্বে ২জন শিক্ষার্থী অংশগ্রহণ করবে।
৮. বিজ্ঞান বিষয়ক সাধারণ জ্ঞান প্রতিযোগিতা(বাছাই পর্ব) অনুষ্ঠিত হবে ২৭ এপ্রিল, সোমবার বিকাল ৪.৩০ মিনিট।
৯. বিজ্ঞান বিষয়ক সাধারণ জ্ঞান প্রতিযোগিতা প্রতিটি শাখায় ৫টি দলকে নির্বাচন করা হবে। ২৮ এপ্রিল মঙ্গলবার সকাল ১০:৩০ মিনিট হতে চূড়ান্ত প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। (চূড়ান্ত পর্যায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের দুপুরের খাবার দেয়া হবে।

*** অংশগ্রহণকারী সিনিয়র/ জুনিয়র সকল বিভাগের প্রতিযোগীদের ২৭ এপ্রিল, সোমবার দুপুর ২টা সময় (পূর্বে ই-মেইল বা হাতে প্রাপ্ত বিভিন্ন প্রতিষ্ঠানের প্রতিযোগী) নাম নিবন্ধন করতে হবে। ২৭ এপ্রিল নতুন করে কোন নাম নিবন্ধন করা হবে না।

*** অংশগ্রহণকারী প্রতিযোগীদের ২৯ এপ্রিল, বুধবার বিকাল ২:৩০ মিনিট হতে সেমিনার এবং পুরস্কার বিতরণ অনুষ্ঠানে উপস্থিত থাকতে হবে।

ড. ডিনসেন্ট তিতাস রোজারিও
সমন্বয়ক, ঢাকা জেলা বিজ্ঞান ও প্রযুক্তি
সপ্তাহ উদযাপন কমিটি ২০২৬
সহযোগি অধ্যাপক, পদার্থ বিজ্ঞান বিভাগ
পরিচালক নটর ডেম বিজ্ঞান ক্লাব
নটর ডেম কলেজ, ঢাকা